



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, তারাগঞ্জ, রংপুর
doict.taragonj.rangpur.gov.bd



স্মারকঃ ৫৬.০৪.৮৫৯২.০০১.২৫.০০১.২৩.০১

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মে ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত রংপুর জেলার তারাগঞ্জ উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত রংপুর জেলার তারাগঞ্জ উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী প্রশিক্ষণার্থীদের নির্ধারিত ফর্মে আগামী ০৫ জুন ২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলার ওয়েব পোর্টালের মেনু থেকে অনলাইনে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তারাগঞ্জ, রংপুর এর হেল্প ডেস্কে সরাসরি প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ আবেদনের জন্য অনুরোধ করা হচ্ছে।

কোর্সের নামঃ

১) ডিজিটাল মার্কেটিং

প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) রংপুর জেলার তারাগঞ্জ উপজেলার বর্তমান বাসিন্দা।
- ৩) এম এস ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।

- প্রশিক্ষণার্থীদের এক্সপার্ট ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে কাজ করার সুযোগ থাকবে।
- সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

** আবেদনকৃত প্রশিক্ষণার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। **উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের জন্য কোন প্রকার আর্থিক সুবিধা বা সম্মানীর ব্যবস্থা নেই।**

আবেদন ফরম ও অনলাইন আবেদনের লিঙ্কঃ <https://taragonj.rangpur.gov.bd/> এবং

<https://doict.taragonj.rangpur.gov.bd/>

প্রশিক্ষণার্থীদের এক্সপার্ট ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে। বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে কাজ করার সুযোগ থাকবে। শুধুমাত্র উপার্জনকারীদের সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

১৮.০৫.২০২৩

(মোঃ ফারহান নওরোজ নূর)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, তারাগঞ্জ, রংপুর (অতি: দা:)

ও

সদস্য সচিব

প্রশিক্ষণার্থী বাছাই ও মূল্যায়ন কমিটি

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০২। জেলা প্রশাসক, রংপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ০৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রংপুর।
- ০৫। অফিস কপি।